



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

আইটি বিভাগ

www.kb.gov.bd, E-mail : it@kb.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

০১. ধারণার শিরোনাম: Fast Communication

০২. ধারণার পরিচিতি: ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সময় সময় বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীর ফোন/মোবাইল নম্বরের প্রয়োজন হয়। বর্তমানে ব্যাংকের ছাপানো নোটবই/টেলিফোন ইনডেক্সে সকল বিভাগ, বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও শাখা প্রধানের ফোন/মোবাইল নম্বর দেয়া আছে। কিন্তু অনেক সময় শাখা/কার্যালয় প্রধান ব্যতীত অন্য কর্মকর্তা/কর্মচারীর ফোন/মোবাইল নম্বরও প্রয়োজন হয়। এসকল ব্যক্তির নম্বর মোবাইলে সংরক্ষিত না থাকলে, প্রথমে ফোনবুক বা ডায়েরী দেখে সংশ্লিষ্ট অফিস প্রধানের নম্বর খুঁজে বের করতে হয়। তারপর অফিস প্রধানের নিকট হতে তাঁর ফোন নম্বর সংগ্রহ করতে হয়। অনেক ক্ষেত্রে সকলের ফোন নম্বর ডায়েরীতে না থাকায় এসকল নম্বর পাওয়ার জন্য অন্য কোনো ব্যক্তিকে ফোন করে নম্বর সংগ্রহ করতে হয় যা সময়সাপেক্ষ।

	Md. Atiqul Haq - SPO Head Office, IT Dept. Mobile: 8801911551544, Phone:		mdatiqulhq@gmail.com
	Md. Jahangir Alam Bepary - Md. Jahangir Alam Mobile: 8801710848282, Phone:		jalam9902@gmail.com
	Md. Ala Uddin - DGM IT Department, HO Mobile: 8801712276703, Phone: 8801708397000		alauddinkb2200@gmail.com

এ প্রেক্ষিতে সকল কর্মকর্তা/কর্মচারীর ফোন/মোবাইল নম্বর যদি Online Platform বা Android Apps এ সংরক্ষণ করা হয় তবে এ সংক্রান্ত ব্যবস্থাপনা সহজ হবে। ইন্টারনেট কানেকশনযুক্ত কম্পিউটার/ল্যাপটপ/মোবাইল ফোন ব্যবহার করে সহজেই কর্মসংস্থান ব্যাংকের সকল শাখা/কার্যালয় ও যে কোনো কর্মকর্তা/কর্মচারীর ফোন/মোবাইল নম্বর এবং ইমেইল এ্যাড্রেস সংগ্রহ করা যাবে ও মোবাইলে সেভ করে রাখা যাবে।

০৩. উদ্দেশ্য:

- সকল শাখা/কার্যালয় এবং কর্মকর্তা/কর্মচারীর ফোন/মোবাইল নম্বর একই স্থানে পাওয়ার সুবিধা;
- যে কোনো স্থান থেকে কম্পিউটার/ল্যাপটপ/মোবাইল ফোনের মাধ্যমে ফোন নম্বর বা ফোন বুক ডাউনলোড করার সুযোগ;
- ফোন/মোবাইল নম্বর ও ইমেইল এ্যাড্রেস দ্রুত পাওয়ার ব্যবস্থা;
- শাখা/কার্যালয়ভিত্তিক ফোন নম্বর Search করার সুযোগ;
- প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর রক্তের গুণ সহজে জানা যাবে (যা অতিরিক্ত সুবিধা হিসেবে সংযোজন করা হয়েছে)।


০৪. কর্মপদ্ধতি:

প্রচলিত কর্মপদ্ধতি:

- সকল বিভাগ/কার্যালয়/শাখাপ্রধানের ফোন/মোবাইল নম্বর বর্তমানে অফিসের ছাপানো নোটবই/টেলিফোন ইনডেক্স থেকে সংগ্রহ করা হয়;
- বিভাগ/কার্যালয়/শাখাপ্রধানের নম্বর ব্যতীত অন্য কোনো কর্মকর্তা/কর্মচারীর নম্বর প্রয়োজন হলে ঐ কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তাদের পরিচিত লোকের নিকট হতে সংগ্রহ করতে হয়।

প্রস্তাবিত কর্মপদ্ধতি:

- অনলাইন প্ল্যাটফর্মে ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীর ফোন নম্বর/ মোবাইল নম্বর/ রক্তের গ্রুপ ইত্যাদি সংরক্ষণ করা হবে:
 - ফোন নম্বর/ মোবাইল নম্বর/ রক্তের গ্রুপ ইত্যাদি ওয়েবসাইটে সংরক্ষিত অবস্থায় থাকবে। শুধু ব্যাংক কর্মকর্তা/কর্মচারী নির্দিষ্ট লগ-ইন ব্যবহার করে এখানে প্রবেশ করতে পারবেন;
- প্রবেশ করার পর সিস্টেম ব্যবহারকারী সকলের ফোন নম্বর/ মোবাইল নম্বর/ রক্তের গ্রুপ ইত্যাদি দেখতে পারবেন;
- এছাড়াও QR Code দেয়া থাকবে যা স্ক্যান করলে মোবাইলে ফোন নম্বর/ মোবাইল নম্বর ইত্যাদি স্বয়ংক্রিয় ভাবে সংরক্ষিত হবে।



০৫. উপকারিতা/সুফল:

- প্রয়োজনীয় ফোন নম্বর/ মোবাইল নম্বর/ রক্তের গ্রুপ ইত্যাদি যে কোনো সময় যে কোনো স্থান হতে ইন্টারনেট কানেকশনযুক্ত মোবাইল ফোন/ ল্যাপটপ/ কম্পিউটার- এ দেখা যাবে;
- ফোন নম্বর/ মোবাইল নম্বর/ রক্তের গ্রুপভিত্তিক Search করা যাবে;
- সকল ফোন নম্বর/ মোবাইল নম্বর/ রক্তের গ্রুপ দ্রুত ও সহজে পাওয়া যাবে।

০৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:

খাতভিত্তিক প্রয়োজনীয় সম্পদ	বিবরণ (নাম ও পরিমাণ)	প্রয়োজনীয় অর্থ (টাকা)	কোথা হতে পাওয়া যাবে / অর্থের উৎস?
জনবল (শুধু পাইলটিং বাস্তবায়ন)	১-২ জন	-	অফিস
কম্পিউটার	১-২টি	-	অফিস
সফটওয়্যার	ডাটাবেজ ও সিস্টেম তৈরি	-	অফিস
ডোমেইন ও হোস্টিং	ডোমেইন ও আনলিমিটেড স্পেস	-	অফিস
বস্তুগত (স্টেশনারী ইত্যাদি)	কাগজ, কলম ইত্যাদি	৫,০০০/-	অফিস
অন্যান্য (প্রশিক্ষণ, মূল্যায়ন, সভা)	প্রশিক্ষণ, সভা ও প্রচার	১০,০০০/-	ইনোভেশন ফান্ড (অফিস)
প্রয়োজনীয় মোট অর্থ		১৫,০০০/-	

০৭. বাস্তবায়ন সময়কাল: মার্চ/এপ্রিল ২০২১।

০৮. সুবিধাভোগীর ব্যয়: ব্যবহারকারীর কোনো ব্যক্তিগত ব্যয় নেই (তবে ইন্টারনেট কানেকশন থাকতে হবে)।

০৯. সম্প্রসারণের সুযোগ: বর্তমান প্রেক্ষাপটে কর্মসংস্থান ব্যাংকের সকল কার্যালয়ে প্রকল্পটি সম্প্রসারণের সুযোগ আছে। এছাড়া আগ্রহী অন্যান্য প্রতিষ্ঠানও প্রয়োজনে ধারণাটি ব্যবহার করতে পারবে।

১০. সম্ভাব্য ঝুঁকি:

- বিদ্যুৎ বিভ্রাট বা অনলাইন প্রক্রিয়া বিঘ্নিত হলে ব্যবহারকারীর সাময়িক সমস্যা হতে পারে।

১১. বাস্তবায়িত ধারণার ফলাফল (আগে কী ছিল, পরে কী হয়েছে):

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	১-৫ মিনিট ব্যয় হতো	২-৫/- টাকা	-
আইডিয়া বাস্তবায়নের পরে	১ মিনিট	০/- টাকা	-
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহীতার প্রত্যাশিত বেনিফিট	০-৪ মিনিট সময় সাশ্রয়	কোন খরচ হবে না।	-

অতিরিক্ত সুবিধা হিসেবে সকল কর্মকর্তা/কর্মচারী প্রয়োজনে রক্তদাতার সাথে যোগাযোগ করতে পারবেন।

ধারণা প্রদানকারী: জনাব মোঃ আলা উদ্দিন, উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগ ও ইনোভেশন অফিসার, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সফটওয়্যার ডেভেলপার: জনাব মোহাম্মাদ আরিফুজ্জামান, প্রিন্সিপাল অফিসার, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।